দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিবিরের হুমকির মুখে অব্যাহতি চেয়েছেন ভিসি

চ.বি সংবাদদাতা, চট্টগ্রাম ব্যুরো থেকে ঃ ইসলামী ছাত্রশিবির নিষেধাজ্ঞা উপেক্ষা করে গতকাল চট্টগ্রাম ভার্সিটি ক্যাম্পাসে সমাবেশ করে উপাচার্যকে ২৪ ঘণ্টার মধ্যে পদত্যাগ করার আলটিমেটাম দিয়েছে। শিবির ক্যাডাররা ঘোষণা করেছে উপাচার্য পদত্যাগ না করলে আজ থেকে উপাচার্য ও উপ-উপাচার্যের গাড়ি চলাচল করতে দেয়া হবে না। শিবির সমর্থিত সাধারণ ছাত্রছাত্রী ঐক্য পরিষদও উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণার হুমকি দিয়েছে। শিবির ক্যাডারদের প্রতিরোধের মুখে গতকালও ক্যাম্পাসে ব্যাংক, স্কুল, কলেজ, প্রশাসনিক ভবন সম্পূর্ণ অচল ছিল। এ পরিস্থিতিতে উপাচার্য অব্যাহতি চেয়ে সরকারের শীর্ষ পর্যায়ে ধরনা দিচ্ছেন।

চ.বি ক্যাম্পাসে দীর্ঘদিন ধরে রাজনৈতিক সভা-সমাবেশ ও মিছিল করার নিষেধাজ্ঞা থাকলেও তা উপেক্ষা করে প্রতিদিনই সমাবেশ করছে শিবির ও তাদের সমর্থিত সংগঠন 'সাধারণ ছাত্রছাত্রী ঐক্য পরিষদ'। গতকাল ক্যাম্পাসে এক সমাবেশ থেকে তারা চ.বি 'ডেড লকের' ঘোষণা দিয়েছে। এছাড়া ২৪ ঘণ্টার মধ্যে বর্তমান উপাচার্য অধ্যাপক ফজলী হোসেন পদত্যাগ না করলে তারা আজ থেকে ক্যাম্পাসে উপাচার্য ও উপ-উপাচার্যের গাড়ি ঢুকতে দেয়া হবে না বলে ঘোষণা দেয়। এ সমাবেশ থেকে শিবির আরো ঘোষণা দিয়েছে, সরকারের উচ্চ মহল চ.বির উপাচার্য নিয়োগে খুব দ্রুত সিদ্ধান্ত না নিলে তারা আরো কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে।

এদিকে শিবির সমর্থিত সাধারণ ছাত্রছাত্রী ঐক্য পরিষদের ব্যানারে গতকাল

ভিসি ঃ পৃঃ ১১ কঃ ৩

## ভিসি ঃ হুমকির মুখে

( ১ম পৃষ্ঠার পর )

ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সমাবেশ থেকে চ.বি ডেড লকের ঘোষণা দিয়েছে। তারা বর্তমান উপাচার্য্য অব্যাহতি না নেয়া পর্যন্ত ব্যাংক, স্কুল, কলেজ ও চ.বি প্রশাসনিক ভবন তালাবদ্ধ থাকবে বলে ঘোষণা দেয়। প্রশাসনিক ভবন চত্বরে অনুষ্ঠিত এ সমাবেশ থেকে চ.বি সচলে ব্যর্থতার দায়ে উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করারও হুমকি দেয়।

চ.বির এমন পরিস্থিতিতে চাপের মুখে আছেন বর্তমান উপাচার্য। তিনি শিবির ক্যাডারদের এমন জঙ্গি অবস্থানের দরুন বর্তমান শিক্ষামন্ত্রীর কাছে টেলিফোনে নিজ দায়িত্ব থেকে অব্যাহতি চেয়েছেন বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়। প্রসঙ্গত, ৩ দিন আগে শিবির ক্যাডাররা উপাচার্যের অফিস ভাঙচুর করে ও গত শনিবার রাত ১০টায় তার বাসভবনে হামলা চালানোর চেষ্টা করে। এমতাবস্থায় উপাচার্যের বাসভবনে পুলিশ প্রহরা বসানো হয়েছে বলে ক্যাম্পাস সূত্রে জানা যায়।

এদিকে, দীর্ঘ ৭ মাস ধরে অচল হয়ে থাকা চ.বি কার্যকরের দাবিতে ছাত্র ইউনিয়ন চ.বি শাখা আজ সকাল ১১টায় ঢাকায় জাতীয় প্রেসক্লাব চত্বরে মানববন্ধন কর্মসূচি পালন করবে। ছাত্র ইউনিয়ন চ.বি শাখার সভাপতি আবদুল্লাহ আল মামুন তিতাস ও সাধারণ সম্পাদক রিপায়ন বড়ুয়া গতকাল এক যুক্ত বিবৃতিতে সর্বস্তরের জনগণকে মানববন্ধনে অংশগ্রহণ করার আহ্বান জানান।